# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০২২-২০২৩/৪১৩ তারিখ ঃ ৩-১১-2022

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০৯/১১/২০২২ তারিখ রোজঃ বুধবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচী ঃ**

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন প্রসঙ্গে।
৩। অসহায় দুস্থ নারীদের ঔষধ ও আর্থিক সহায়তা প্রদান।
৪। বিবিধ।

(মোছাঃ মুন্নুজান)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৯-১১-২০২২ খ্রিঃ
রোজ ঃ বুধবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জঃপৌঃস | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন),ওয়ার্ড নং-০৫ জঃপৌঃস | সহায়তা কারী | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, আগামী কিছু দিনের মধ্যে শীতের প্রবাহ বাড়বে। তাই এ সময়ে বৃদ্ধ ও শিশুরা বেশী সমস্যায় পড়ে। তাই তাদের প্রতি আলাদা যত্ন নেওয়া প্রয়োজন। এ ব্যাপারে পৌরসভা থেকে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন করা যেতে পারে।এ বিষয়ে আলোচনা কালে এ কমিটির সদস্য মোছাঃ জান্নাতুল ফেরদৌস বলেন, আপনারা অবগত আছেন প্রতি কোয়াটারে UGIIP-III প্রকল্পের অর্থায়নে প্রতি ওয়ার্ডে ০২টি করে উঠান বৈঠক আয়োজন করা হয় মহিলাদের নিয়ে। আশা করা যায় এই কোয়াটারে উঠান বৈঠক এ মাস থেকে শুরু করা যাবে। সেসব উঠান বৈঠকে আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি যত্ন নেওয়ার বিষয়ে বিশদ আলোচনা করে নারীদের সচেনত করা যেতে পারে।
আলোচ্য বিষয়ে এ কমিটির সদস্য পাপিয়া বলেন, পৌরসভায় নিয়োজিত মাঠকর্মী ও স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে বাড়ী বাড়ী গিয়ে তাদের চলমান কাজের পাশাপাশি আলোচ্য বিষয়ে সচেতন করা যেতে পারে। কারন শীতে নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে বৃদ্ধ ও শিশুর জীবনে মারাত্বক পরিনতি হতে পারে।

**সিদ্ধান্ত ঃ** শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতামূলক কর্মসূচীর অংশ হিসেবে উঠান বৈঠক সহ পৌরসভার স্বাস্থ্যকর্মী, মাঠকর্মীর মাধ্যমে পৌর এলাকার প্রতিটি মহল্লায় সচেতন করা বিষয়ে একমত পোষন করেন।

**৩নং আলোচ্য বিষয় ঃ অসহায় দুস্থ নারীদের ঔষধ ও আর্থিক সহায়তা প্রদান।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন আপনারা অবগত আছেন মেয়র মহোদয় গ্যাপ বাস্তবায়নের আওতায় নিয়মিত পৌর এলাকার অসহায় ও দুস্থ নারীদের ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ ক্রয় করে দেন। এসব ঔষধ গ্রহীতাদের মধ্যে অনেকে জটিল রোগে ভুগছেন, তাই তাদের নিয়মিত ঔষধ সেবন করতে হয়। তাই মেয়র মহোদয় পৌরসভার আর্থিক সমস্যা থাকার পরও নিয়মিতভাবে ঔষধ ক্রয় করে দেন। এছাড়াও পৌর এলাকার অনেক দুস্থ মহিলাদের মাসিক ভিত্তিতে ও আবেদনের ভিত্তিতে আর্থিক সহায়তা দিয়ে থাকেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** যেসব অসহায় দুস্থনারীদের ঔষধ ক্রয় ও আর্থিক সহায়তা প্রদান করা হয তাদের তালিকা প্রস্তুত করে, প্রতি মাসের ৫ তারিখের মধ্যে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভাপতি বরাবর প্রেরণ করার জন্য হিসাব রক্ষণ কর্মকর্তা কে দায়িত্ব প্রদান করা হলো এবং সহায়তা কর্যক্রম নিয়মিতভাবে পৌরসভা হতে বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২২-২০২৩/ ৪২৮

তারিখঃ ৭-১১-2022

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ০৯/১১/২০২২ ইং।

রোজ ঃ বুধবার ।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ০২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৪ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ জান্নতুন ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৬ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারন) ও প্যানেল মেয়র-১, জয়পুরহাট পৌরসভা | সহায়তাকারী | [signature] |